দৈনিক ইনকিলাব

তারিখ 26 DEC 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

# কিশোরগঞ্জে মহিলা গণশিক্ষা কার্যক্রম চালু

কিশোর গঞ্জ, ডিসেম্বর (নিজস্ব সংবাদ দাতা)।—

কিশোরগঞ্জ ফিসারী রোডে জেলা পরিষদের পরিচালনায় সূর্য সারথী সংগঠনের বাস্তবায়নে মহিলা গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে জেলা পরিষদ সচিব মোহাম্মদ ইলিয়াস প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বক্তব্য রাখেন সাপ্তাহিক নরসুন্দা সম্পাদক মুহম্মদ আবদুল লতিফ, সাংবাদিক এ.কে.নাছিম খান, ফেন্সী বেগম প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন মাসুদ ইকবাল। উক্ত প্রকল্পের আওতায় অত্র এলাকায় ৪০ জন নিরক্ষর মহিলাকে অক্ষর দান করা হবে বলে জানা যায়।